

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৬৪

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ২০. ফতোয়া প্রদান করা এবং এতে যে কঠোরতা রয়েছে

بَابُ الْفُتْيَا وَمَا فِيهِ مِنَ الشِّدَّةِ

আরবী

أَخْبَرَنَا إِبْرَاهِيمُ بْنُ مُوسَى، وَعَمْرُو بْنُ زُرَارَةَ، عَنْ عَبْدِ الْعَزِيزِ بْنِ مُحَمَّدٍ، عَنْ أَبِي سُهَيْلٍ، قَالَ: كَانَ عَلَى امْرَأَتِي اعْتِكَافُ ثَلَاثَةِ أَيَّامٍ فِي الْمَسْجِدِ الْحَرَامِ، فَسَأَلْتُ عُمَرَ بْنَ عَبْدِ الْعَزِيزِ، وَعِنْدَهُ ابْنُ شَهَابٍ: لَا يَكُونُ اعْتِكَافُ الْعَزِيزِ، وَعِنْدَهُ ابْنُ شَهَابٍ، قَالَ: قُلْتُ عَلَيْهَا صِيَامٌ. قَالَ ابْنُ شَهَابٍ: لَا يَكُونُ اعْتِكَافُ الْعَزِيزِ، وَعِنْدَهُ ابْنُ شَهَابٍ، قَالَ: لَا عَلَيْهِ صِيَامٍ. فَقَالَ لَهُ عُمَرُ بْنُ عَبْدِ الْعَزِيزِ: أَعَنِ النَّبِيِّ صِلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ؟ قَالَ: لَا. قَالَ: لَا. قَالَ: فَعَنْ عُمْرَ؟ قَالَ: لَا. قَالَ: فَعَنْ عُثْمَانَ؟ قَالَ: لَا. قَالَ عُمَرُ: مَا فَعَنْ أَبِي بَكْدٍ؟ قَالَ: لَا. قَالَ عُمَرُ؛ قَالَ: لَا. قَالَ: فَعَنْ عُثْمَانَ؟ قَالَ: لَا. قَالَ عُمَرُ: مَا أَرَى عَلَيْهَا صِيَامًا. فَخَرَجْتُ فَوَجَدْتُ طَاوُسًا وَعَطَاءَ بْنَ أَبِي رَبَاحٍ، فَسَأَلْتُهُمَا، فَقَالَ طَاوُسًا حَطَاءَ بْنَ أَبِي رَبَاحٍ، فَسَأَلْتُهُمَا، فَقَالَ طَاوُسٌ: كَانَ ابْنُ عَبَّاسٍ رَضِيَ اللَّهُ عَنْهُمَا، ﴿لَا يَرَى عَلَيْهَا صِيَامًا إِلَّا أَنْ تَجْعَلَهُ عَلَى طَاوُسٌ! . قَالَ: وَقَالَ عَطَاءً: ذَلِكَ رَأْبِي

إسناده صحيح

বাংলা

১৬৪. আবু সুহাইল রাহিমাহুল্লাহ হতে বর্ণিত, তিনি বলেন, আমার স্ত্রীর উপর মাসজিদুল হারামে তিনদিনের জন্য মানতের ই'তিকাফ রয়ে গিয়েছিল। যখন আমি (এ বিষয়ে) উমার ইবনু আব্দুল আযীয় রাহিমাহুল্লাহকে জিজ্ঞেস করলাম, তখন তাঁর নিকট ইবনু শিহাব যুহুরী রাহিমাহুল্লাহও ছিলেন। তিনি বলেন, আমি বললাম, তার উপর কি সিয়ামও রয়েছে? তখন ইবনু শিহাব বললেন: সিয়াম ব্যতীত কোনো ই'তিকাফ হয় না।

তখন উমার ইবনু আব্দুল আযীয় তাকে জিজ্ঞেস করলেন, এটা কি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থেকে (বর্ণনা করছেন)? তিনি বললেন, না। তিনি তাকে আবার জিজ্ঞেস করলেন, এটা কি তাহলে আবু বাকর রাদিয়াল্লাহু আনহু থেকে (বর্ণনা করছেন)? তিনি বললেন, না। তিনি আবার তাকে জিজ্ঞেস করলেন, এটা কি তবে উমার রাদিয়াল্লাহু আনহু হতে (বর্ণনা করছেন)? তিনি জবাবে বললেন, না। তিনি অনুরূপভাবে জিজ্ঞেস করলেন,



এটা কি তবে উছমান রাদিয়াল্লাহু আনহু হতে (বর্ণনা করছেন)? তিনি এর জবাবে আবারও বললেন, না।

তখন তিনি বললেন, আমার মত হল, (ই'তিকাফ করার জন্য) এ মহিলার উপর সিয়াম বাধ্যতামুলক নয়। তখন আমি বের হয়ে গেলাম এবং তাউস ও আতা ইবনু আবী রাবাহকে পেয়ে গেলাম। ফলে তাদের দু'জনকে বিষয়টি জিজ্ঞেস করলাম। তাউস বললেন: ইবনু আব্বাস রাদ্বিয়াল্লাহু আনহু (ই'তিকাফের জন্য) এ ক্ষেত্রে তার উপর সিয়াম অপরিহার্য বলে মনে করতেন না, যদি না সে নিজের উপর তা ধার্য করে নেয়। তিনি বলেন, আতা বললেন, এটি আমারও মত।[1]

ফুটনোট

[1] তাহকীক: এর সনদ সহীহ।

তাখরীজ: আমি এ হাদীসটি এখানে ব্যতীত অন্য কোথাও পাইনি। তবে দেখুন, মুছান্নাফ ইবনু আবী শাইবা, ৩/৮৭; মা'রিফাতুস সুনান ওয়াল আছার ৬/৩৯৫-৩৯৬; মুছান্নাফ আব্দুর রাযযাক ৪/৩৫৩-৩৫৪।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন